

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৮৭৬

२४/ (प्रांश (کتاب الدعاء)

পরিচ্ছেদঃ ২৮/১৫. যে কোন ব্যক্তি শয্যা গ্রহণকালে যে দোয়া পড়বে

بَابِ مَا يَدْعُو بِهِ إِذَا أَوَى إِلَى فِرَاشِهِ

#### আরবী

حَدَّتَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّتَنَا وَكِيعٌ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَارِبٍ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ قَالَ لِرَجُلِ " إِذَا أَخَذْتَ مَضْجَعَكَ أَوْ أَوَيْتَ إِلَى فِرَاشِكَ فَقُلِ اللَّهُمَّ أَسْلَمْتُ وَجْهِي إِلَيْكَ وَأَلْجَأْتُ ظَهْرِي إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ وَفَوَّضْتُ أَمْرِي إِلَيْكَ الَّذِي رَغْبَةً وَرَهْبَةً إِلَيْكَ لاَ مَلْجَأً وَلاَ مَنْجَى مِنْكَ إِلاَّ إِليَّكَ آمَنْتُ بِكِتَابِكَ الَّذِي أَنْزَلْتَ وَنَبِيِّكَ الَّذِي أَرْسَلْتَ فَإِنْ مِتَّ مِنْ لَيْلَتِكَ مِتَّ عَلَى الْفِطْرَةِ وَإِنْ أَصْبَحْتَ أَصْبَحْتَ وَقَدْ أَصَبَتَ خَيْرًا كَثِيرًا ".

#### বাংলা

8/৩৮৭৬। বারাআ ইবনে আযেব (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বলেনঃ যখন তুমি শয্যা গ্রহণ করবে বা বিছানাগত হবে তখন বলবে, "হে আল্লাহ! আমি আমার মুখমণ্ডল তোমার দিকে ফিরিয়ে দিলাম, আমার পিঠ তোমার আশ্রয়ে সোপর্দ করলাম, তোমার রহমতের আশা ও তোমার আযাবের ভয় সহকারে আমার যাবতীয় বিষয় তোমার উপর সোপর্দ করলাম। তোমার থেকে পালিয়ে আশ্রয় নেয়ার এবং নাজাত পাওয়ার তুমি ভিন্ন আর কোন ঠিকানা নাই। তুমি যে কিতাব নাযিল করেছো এবং যে নবী পাঠিয়েছ আমি তার উপর ঈমান এনেছি "। তুমি যদি সে রাতে মারা যাও তাহলে তুমি ফিতরাতের (ইসলামের) উপর মৃত্যুবরণ করবে। আর তুমি যদি সকালে উপনীত হও তবে পর্যাপ্ত কল্যাণ প্রাপ্ত হয়ে সকালে উপনীত হবে।

## **English**

It was narrated from Bara' bin 'Azib that:

the Prophet (saas) said to a man: "When you go to lay down, or go to your bed, say: Allahumma aslamtu wajhi ilayka, wa al-ja'tu zahri ilayka, wa fawwadtu amri ilayka, raghbatan wa rahbatan ilayka, la malja'a wa la manja'a minka illa ilayka, amantu bi kitabikal-ladhi anzalta, wa nabiyyikal



arsalta [O Allah, I have submitted my face (i.e., myself) to You, and I am under Your command (i.e., I depend upon You in all my affairs), and I put my trust in You, hoping for Your reward and fearing Your punishment. There is no fleeing from You and no refuge from You except with You. I believe in Your Book that You have revealed and in Your Prophet whom You have sent).' Then if you die that night, you will die in a state of the Fitrah (nature), and if you wake in the morning you will wake with a great deal of good."

### ফুটনোট

সহীহুল বুখারী ২৪৭, মুসলিম ২৭১০, তিরমিয়ী ৩৩৯৪, আবূ দাউদ ৫০৪৬, ১৮০৪৪, ১৮০৮৯, ১৮১১৪, ১৮১৪৩, ১৮১৭৭, ১৮১৮০, ১৮২০৫, দারেমী ২৬৮৩, সহীহ আত-তারগীব ওয়াত তারহীব ২-৬। তাহকীক আলবানীঃ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন